

আল কোরআনের জ্ঞান প্রচার ও প্রতিষ্ঠিত করতে মাদ্রাসা শিক্ষার বিকল্প নেই

.....মাওঃ হাবীবুর রহমান

সিপোর্ট অফিস : জামেয়া মাদানিয়া
কাজির বাজার মাদ্রাসার প্রিন্সিপাল ইসলামী
একাজেটের কেন্দ্রীয় নেতা মাওলানা হাবীবুর
রহমান বলেছেন, আল কোরআনের জ্ঞান
প্রতিষ্ঠিত করতে মাদ্রাসার বিকল্প নেই।
জনগণ ব্যালট বিপ্লবের মাধ্যমে আওয়ামী
দুঃশাসনের জবাব দিয়ে মুক্তি পেলেও তাদের
যত্নসহকারে শেষ হয়ে যায়নি। তাই
এক্যবদ্ধ প্রয়াসের মাধ্যমে তাঁদের সকল
চক্রান্ত ও যত্নসহকারে নস্যাৎ করে দিতে হবে।
গত ১৯ অক্টোবর বিশ্বনাথ জামেয়া

মোহাম্মদিয়া মাদ্রাসার উদ্যোগে স্থানীয়
উপজেলা মাঠে ইসলামী মহাসম্মেলনে প্রধান
অতিথির বক্তৃতাকালে তিনি এ কথা বলেন।
মাদ্রাসার ভারপ্রাপ্ত প্রিন্সিপাল মাওলানা ফজলে
হক ও যুক্তরাজ্য প্রবাসী মাওলানা ওয়ারিছ
উদ্দিন মিয়াভানীর সভাপতিত্বে ও মাদ্রাসার
শিক্ষা সচিব মাওলানা ফয়জুর রহমানের
পরিচালনায় অনুষ্ঠিত ইসলামী এই সম্মেলনে
বিশেষ অতিথির বক্তব্য রাখেন মুফতিহুর
কোরআন হাফিজ মাওলানা যুবায়ের আহমদ
আনছারী, প্রিন্সিপাল মাওলানা সাজিদুর
রহমান, মাওলানা জুনায়েদ আল হাবীব,
মাওলানা সাইদুর রহমান বরুনা, মাওলানা
মেরাজুল হক, শায়খুল হাদীস মাওলানা
আব্দুল মালিক, মাওলানা মুফল হক
শাহজিগাঁও প্রমুখ। মাওলানা হাবীবুর রহমান
বলেন, হাজার হাজার আলেম, উলামা ও
মাদ্রাসার ছাত্রদের কারাবদ্ধ করে হুলুম-
নির্যাতন, নিপীড়নের মাধ্যমে মাদ্রাসা
শিক্ষাকে বন্ধ করে এ দেশ থেকে ইসলামী
তাহজীব ও তামাদ্দুন মুছে ফেলে ইসলামের
শ্রোপানকে মুছে ফেলে দিতে চেয়েছিল।
কিন্তু পারেনি, জনগণ তা প্রতিহত করেছে।